

কুয়েট চুয়েট ও রুয়েট ভিসিকে গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজনে মন্ত্রণালয়ের চিঠি

স্টাফ রিপোর্টার ॥ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) উপাচার্যকে গুচ্ছ প্রক্রিয়ায় ভর্তি পরীক্ষা আয়োজনে চিঠি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয় যখন এই চিঠি দিয়েছে, তার আগেই বিশ্ববিদ্যালয়গুলো বিভিন্ন মাধ্যমে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। শুধু তাই নয়, ভর্তিছু অনেক পরীক্ষার্থী এরই মধ্যে হাজারের বেশি টাকা খরচ করে পৃথকভাবে ভর্তি আবেদন করেছে বিশ্ববিদ্যালয়গুলোতে। এরপর মন্ত্রণালয়ের উপসচিব মো. শাহীনুর ইসলামের সহ করা চিঠিটি বুধবার বিশ্ববিদ্যালয়গুলোতে পৌঁছেছে বলে জানা গেছে।

এর আগে শিক্ষা উপদেষ্টা বিশ্ববিদ্যালয়গুলোকে গুচ্ছ থাকতে অনুরোধ জানিয়ে চিঠি দিয়েছিল। কিন্তু এর পরও এখন পর্যন্ত দৃশ্যমান কোনো উদ্যোগ দেখা যায়নি। তবে বিশ্ববিদ্যালয়ে ভর্তিছু ও অভিভাবকদের দাবি এ বিষয়ে দ্রুত শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দ্রুত সিদ্ধান্ত জানিয়ে দেওয়া উচিত।

চিঠিতে বলা হয়েছে, বর্তমান পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়গুলোর এককভাবে ভর্তি পরীক্ষার সিদ্ধান্ত শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করবে।

সার্বিক বিবেচনায় শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা ১ ডিসেম্বর গুচ্ছভুক্ত পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নিশ্চিত করতে নির্দেশনা দিয়েছেন। এতে আরও বলা হয়, সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষে গুচ্ছভুক্ত সব সরকারি

বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এদিকে, ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রকৌশল গুচ্ছভুক্ত কেউই আর গুচ্ছ পদ্ধতিতে ফিরতে চায় না বলে জানিয়েছেন কুয়েট ও চুয়েটের ভর্তির কমিটির সদস্যরা। তবে বিষয়টি নিয়ে ঘোলাটে পরিস্থিতি তৈরি হওয়ায় তারা এ নিয়ে গণমাধ্যমে মন্তব্য করতে রাজি হননি।

প্রকৌশল গুচ্ছভুক্ত একটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নাম ও পরিচয় প্রকাশ না করে বলেন, ‘মন্ত্রণালয় চাইছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের অংশীজন, যাদের নিয়ে আমরা কাজ করি; সেই শিক্ষক-কর্মকর্তার। গুচ্ছ পদ্ধতি চায় না। এটা নিয়ে জোর-জবরদস্তি করলে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি হতে পারে। মন্ত্রণালয়কে বিষয়টি অনুধাবন করতে হবে। আশা করছি, শীঘ্রই বিষয়টির সমাধান হয়ে যাবে।

এদিকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রকৌশল গুচ্ছ থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে এ গুচ্ছের তিনটি বিশ্ববিদ্যালয়। এরমধ্যে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ও চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তিতে বিজ্ঞপ্তিও প্রকাশ করেছে।

প্রকৌশল গুচ্ছভুক্ত অপর বিশ্ববিদ্যালয় রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ও (রুয়েট) ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। তবে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নিতে এ তিনটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে আনুষ্ঠানিকভাবে চিঠি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এর আগে শিক্ষা উপদেষ্টাও পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোকে গুচ্ছ থাকার অনুরোধ জানিয়ে খোলা চিঠি দেন।